"শিল্পে প্রাকৃতিক গ্যাস
গৃহস্থালীতে বিকল্প জ্বালানী"

"বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার"

**বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)**
বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা
www.bapex.com.bd

সূত্র নম্বর : ২৮.০৯.০০০০.০১২.৪৫.০০১.১৮

তারিখ: ২৫-১০-২০২১

**বিষয়ঃ কোম্পানির জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (২০২১-২০২২) এর দ্বিতীয় কোয়ার্টারের সভার কাযপত্র।**

সভাস্থল : কমিটি কক্ষ, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর
তারিখ : ২৪ অক্টোবর ২০২১
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' এ সন্নিবেশিত

গত ২৪ অক্টোবর ২০২১ তারিখ, বেলা ১১:০০ টায় কোম্পানির জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (২০২১-২০২২) এর দ্বিতীয় কোয়ার্টারের সভা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তরে অবস্থিত কমিটি কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় কমিটির অধিকাংশ সদস্য উপস্থিত ছিলেন। মহাব্যবস্থাপক (প্রশাসন) ও সংশ্লিষ্ট কমিটির আহবায়ক সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করার জন্য উপমহাব্যবস্থাপক (এইচআরএম) এবং শুদ্ধাচার কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্টকে আহবান জানান। সদস্য সচিব তদানুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন।

**(ক) আলোচ্য বিষয়:**

উপমহাব্যবস্থাপক (এইচআরএম) এবং শুদ্ধাচার কমিটির ফোকাল পয়েন্ট প্রথম কোয়ার্টারের সভায় গৃহীত সিদ্ধান্ত পড়ে শুনান এবং বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করেন। পর্যালোচনা করে দেখা যায় যে, গৃহীত সিদ্ধান্তের সবগুলোই নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়িত হয়েছে। এ জন্য মহাব্যবস্থাপক (প্রশাসন) ও নৈতিকতা কমিটির আহ্বায়ক কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানান। সভায় আলোচনা করা হয় যে, বর্তমানে চলমান করোনা অতিমারী কিছুটা নিম্নগামী হয়েছে। তবে সহসাই এ সমস্যা থেকে সম্পূর্ণরূপে পরিত্রাণের সম্ভাবনা দেখা যাচ্ছে না। ফলে স্বাস্থ্যবিধি মেনে সবেইকে অর্পিত দায়িত্ব পালন করে প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সময়াবদ্ধ কার্যক্রম বাস্তবায়নে কমিটির আহ্বায়ক সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর কমিটির সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট, কোম্পানির জন্য প্রণীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার দ্বিতীয় কোয়ার্টারে যে সকল কার্যক্রম বাস্তবায়ন করা প্রয়োজন, সভায় সেগুলো উপস্থাপন করেন। সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনার পর চলতি অর্থ বছরের দ্বিতীয় কোয়ার্টারে বাস্তবায়নের জন্য কর্মপরিকল্পা অনুসরণে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/বিভাগ |
|---|---|---|---|
| ০১। | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক প্রশিক্ষণ/সেমিনার আয়োজন | কোম্পানির কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক প্রশিক্ষণ/সেমিনার আয়োজন করা হবে। | উপমহাব্যবস্থাপক (এইচআরএম) |
| ০২। | কর্মপরিবেশ/স্বাস্থ্যবিধি | নৈতিকতা কমিটি কোম্পানির | সকল |

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/বিভাগ |
|---|---|---|---|
| | উন্নয়নের অংশ হিসেবে টয়লেট ব্যবস্থাপনা উন্নীতকরণ | সকলমহাব্যবস্থাপককে নিয়ে সভা আহ্বান করে স্ব-স্ব বিভাগের টয়লেট ব্যবস্থা উন্নয়নের বিষয়ে নির্দিষ্ট কার্যক্রম গ্রহণ করবে। অতঃপর কমিটি সরজমিনে পরিদর্শনপূর্বক সুপারিশের বাস্তবায়ন অগ্রগতি পর্যবেক্ষণ করবে। | মহাব্যবস্থাপক ও সংশ্লিষ্ট কমিটি |
| ০৩। | আঞ্চলিক কার্যালয়/গ্যাস ফিল্ডে শুদ্ধাচার প্রতিপালনের বিষয়ে পর্যবেক্ষণ/পরিবিক্ষণ কার্যক্রম গ্রহণ | সংশ্লিষ্ট কমিটি এক বা একাধিক আঞ্চলিক কার্যালয়/গ্যাস ফিল্ডে শুদ্ধাচার প্রতিপালনের বিষয়টি সরেজমিনে গমণপূর্বক পর্যবেক্ষণ/পরিবিক্ষণ করবে। | সংশ্লিষ্ট কমিটি |

**(খ)** সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

২৫/১০/২০২২
(মোঃ সরওয়ার হামিদ)
ব্যবস্থাপক (ভূতত্ত্ব)
সদস্য

(মোহাম্মদ কামরুজ্জামান)
উপমহাব্যবস্থাপক (ক্রয়)
সদস্য

২৫/১০/২০২২
(কাজী মাহবুবুল আলম)
উপ-মহাব্যবস্থাপক(এইচআরএম)
সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট

(মোহাম্মদ আহসানুল আমিন)
উপমহাব্যবস্থাপক (আইসিটি)
সদস্য

২৫/১০/২২
(মোঃ আব্দুর রউফ)
মহাব্যবস্থাপক (প্রকৌশল)
সদস্য

(এস.এম. তারিকুল ইসলাম)
মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)
সদস্য

২৫.১০.২০২২
(মোহাম্মদ আবুল বশর)
মহাব্যবস্থাপক (প্রশাসন) ও
আহ্বায়ক

বিষয় : ২৪ অক্টোবর ২০২১ তারিখে **অনুষ্ঠিত দ্বিতীয় কোয়ার্টারের সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের হাজিরা বিবরণী।**

| ক্রমিক নম্বর | কর্মকর্তার নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | জনাব মোহাম্মদ আবুল বশর, মহাব্যবস্থাপক (প্রশাসন) | |
| ২ | জনাব এস. এম. তারিকুল ইসলাম, মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) | |
| ৩ | জনাব মোঃ আব্দুর রউফ, মহাব্যবস্থাপক (প্রকৌশল) | |
| ৪ | জনাব মোহাম্মদ আহসানুল আমিন, উপমহাব্যবস্থাপক (আইসিটি) | |
| ৫ | জনাব কাজী মাহবুবুল আলম, উপমহাব্যবস্থাপক (এইচআরএম) | |
| ৬ | জনাব মোহাম্মদ কামরুজ্জামান, উপমহাব্যবস্থাপক (ক্রয়) | |
| ৭ | জনাব মোঃ সরওয়ার হামিদ, ব্যবস্থাপক (ভূতত্ত্ব), ভূতাত্ত্বিক বিভাগ | |